



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
www.sylhetboard.gov.bd

বিদ্যালয় শাখা

২৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬৮.০৫৮.২৪.৪১২

বিষয়: স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: তার ০৩/১২/২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর প্রতিষ্ঠানের মানবিক ও বিজ্ঞান শাখার স্বীকৃতি নবায়নের মেয়াদ ০১/০১/২০২৪ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্ন বর্ণিত শর্তে নবায়ন করা হলো।

শর্তাবলী

১. এস.এস.সি. পরীক্ষার সংখ্যাগত ও গুণগতমান বৃদ্ধি করতে হবে;
২. শ্রেণী কক্ষে শিক্ষকদের পাঠদান কার্যক্রম প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে;
৩. ত্রৈমাসিক অভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং কমিটি কর্তৃক অনুমোদন করত: প্রতিবেদন শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে;
৪. আই.সি.টি.ভিত্তিক শিক্ষা বাস্তবায়নে মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনা ও তত্ত্বাবধানের ব্যবস্থা করতে হবে;
৫. বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. সহপাঠ্যক্রমিক কার্যাবলী: যেমন খেলাধুলা, শরীরচর্চা, স্কাউটিং ও বিতর্ক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির চর্চা চালু রাখতে হবে;
৭. শিক্ষার সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে বছরে ন্যূনতম ০১(এক) বার অভিভাবক সমাবেশের ব্যবস্থা করতে হবে;
৮. শিক্ষার্থীদের দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জ্বলকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৯. শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে জঙ্গী বিরোধী সচেতনতা সৃষ্টি করাতে হবে;
১০. মাদকের কুফল সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করতে হবে;
১১. প্রতিষ্ঠানের চারপাশে বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ রোপন করতঃ পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে
১২. বোর্ডের অনুমতি ব্যতিরিক্ত সংরক্ষিত তহবিলের টাকা কোনক্রমেই উত্তোলন করা যাবে না।

স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩(তিন) মাস পূর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপূরণজনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৯-০২-২০২৪

মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক

প্রধান শিক্ষক, হাজী মজিদ উল্লা পাবলিক উচ্চ বিদ্যালয় বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৪০০.৬৮.০৫৮.২৪.৪১২/১ (৪)

২৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড;
- ৩। জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ এবং
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।



A handwritten signature in black ink, appearing to be in Bengali script, located in the top right area of the page.

০৯-০২-২০২৪

মো: মঈনুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক